



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/ক/ময়মন/২০৭৮

তারিখ : ০৪/০১/২০২৪ খ্রি.

বিষয় : ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “শিল্পাচার্য জয়নুল আবেদীন মেমোরিয়াল কলেজ”-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ০৫/১২/২০২৩ খ্রিঃ তারিখের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন “শিল্পাচার্য জয়নুল আবেদীন মেমোরিয়াল কলেজ”-কে নিম্নোক্ত শর্তসাপেক্ষে উচ্চমাধ্যমিক কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

১. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ/তৈরি করতে হবে ;
২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে ;
৩. ব্যক্তি নামে কলেজ নামকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও অধ্যক্ষের যৌথ স্বাক্ষরে ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা ব্যাংকে জমা প্রদান করে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রমানক জমা প্রদান করতে হবে ;
৪. কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না ;
৫. কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে ;
৬. বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

স্বাঃ-

(প্রফেসর প্রাণেশ রঞ্জন রায়)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

অধ্যক্ষ/সভাপতি


শিল্পাচার্য জয়নুল আবেদীন মেমোরিয়াল কলেজ
সদর, ময়মনসিংহ।

স্মারক নং - মশিবো/ক/ময়মন/২০৭৮

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ;
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা ;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ ;
৬. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
৭. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
৮. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ ;
৯. অফিস কপি।


04.01.2024
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

